পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৮-১০)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০
www.pallisanchaybank.gov.bd

স্মারক নং: পসব্যা/প্রকা/প্রশা-১৬/২০২৪-২৫/২৯১৩ তারিখঃ ১৪/০৫/২০২৫ খ্রি.

# বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৭ মে ২০২৫ তারিখের প্রজ্ঞাপন নম্বর – ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৬.২৩-২৫২ এবং বাংলাদেশ ব্যাংকের ০৮ মে ২০২৫ ইং তারিখের ডিএফআইএম সার্কুলার লেটার নং – ১২ মোতাবেক আসন্ন পবিত্র ঈদ-উল-আজহা উপলক্ষে ১১ ও ১২ জুন ২০২৫ তারিখ যথাক্রমে বুধবার ও বৃহস্পতিবার নির্বাহী আদেশে সরকারি ছুটি এবং দাপ্তরিক কাজের স্বার্থে ১৭ মে ২০২৫ তারিখ শনিবার ও ২৪ মে ২০২৫ তারিখ শনিবার সাপ্তাহিক ছুটির দিনে অফিস খোলা থাকবে।

উক্ত আদেশ মোতাবেক পল্লী সঞ্চয় ব্যাংকের সকল শাখা, জেলা (আঞ্চলিক) কার্যালয়, সকল নিরীক্ষা কার্যালয় এবং প্রধান কার্যালয় ১৭ মে ২০২৫ তারিখ শনিবার ও ২৪ মে ২০২৫ তারিখ শনিবার সাপ্তাহিক ছুটির দিনে অফিস খোলা থাকবে এবং পবিত্র ঈদ-উল-আজহা উপলক্ষে ১১ ও ১২ জুন ২০২৫ তারিখ যথাক্রমে বুধবার ও বৃহস্পতিবার নির্বাহী আদেশে সরকারি ছুটি থাকবে।

১৪/০৫/২০২৫
(সালমা বানু)
ব্যবস্থাপনা পরিচালক

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১। স্টাফ অফিসার টু চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক।
২। স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক।
৩। স্টাফ অফিসার টু উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক।
৪। স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপকের দপ্তর (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক।
৫। বিভাগীয় প্রধান (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক।
৬। প্রোগ্রামার, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। অফিস নথি।

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

Website:www.bb.org.bd

ডিএফআইএম সার্কুলার লেটার নং-১২

তারিখ: ২৫ বৈশাখ ১৪৩২
০৮ মে ২০২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

**আসন্ন পবিত্র ঈদ-উল-আজহা উপলক্ষে ১১ ও ১২ জুন ২০২৫ তারিখ যথাক্রমে বুধবার ও বৃহস্পতিবার নির্বাহী আদেশে সরকারি ছুটি এবং দাপ্তরিক কাজের স্বার্থে ১৭ মে ২০২৫ তারিখ শনিবার ও ২৪ মে ২০২৫ তারিখ শনিবার সাপ্তাহিক ছুটির দিনে অফিস খোলা রাখা প্রসঙ্গে।**

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৭ মে ২০২৫ তারিখের স্মারক নং-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৬.২৩-২৫২ (কপি সংযুক্ত) মোতাবেক ফাইন্যান্স কোম্পানিসমূহের সকল ব্যবসা কেন্দ্র, শাখা/বুথ আসন্ন পবিত্র ঈদ-উল-আজহা উপলক্ষে ১১ ও ১২ জুন ২০২৫ তারিখ যথাক্রমে বুধবার ও বৃহস্পতিবার বন্ধ থাকবে এবং দাপ্তরিক কাজের স্বার্থে ১৭ মে ২০২৫ তারিখ শনিবার ও ২৪ মে ২০২৫ তারিখ শনিবার সাপ্তাহিক ছুটির দিনে খোলা থাকবে।

২। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১ (২) (ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(গৌতম কুমার ঘোষ)
পরিচালক (ডিএফআইএম)
ফোন: ৯৫৩০১৭৮।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**বিধি-৪ শাখা**
www.mopa.gov.bd

নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৬.২৩-২৫২ তারিখ : ২৪ বৈশাখ ১৪৩২ / ০৭ মে ২০২৫

# প্রজ্ঞাপন

Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule I of the Rules of Business, 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশের ৩৭ নম্বর ক্রমিকের অনুবলে সরকার আসন্ন **পবিত্র ঈদ-উল-আজহা** উপলক্ষ্যে **১১ ও ১২ জুন ২০২৫ তারিখ যথাক্রমে বুধবার ও বৃহস্পতিবার** নির্বাহী আদেশে সরকারি ছুটি এবং দাপ্তরিক কাজের স্বার্থে **১৭ মে ২০২৫ তারিখ শনিবার ও ২৪ মে ২০২৫ তারিখ শনিবার** সাপ্তাহিক ছুটির দিনে অফিস খোলা রাখার ঘোষণা করিল। ছুটিকালীন সময়ে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত এবং বেসরকারি অফিস বন্ধ থাকিবে এবং উল্লিখিত সাপ্তাহিক ছুটির দুই দিন (১৭ মে ২০২৫ ও ২৪ মে ২০২৫ তারিখ) সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত এবং বেসরকারি অফিস খোলা থাকিবে।

২। (ক) জরুরি পরিষেবা যেমন- বিদ্যুৎ, পানি, গ্যাস ও অন্যান্য জ্বালানি, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের কার্যক্রম, পরিচ্ছন্নতা কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট, ডাক সেবা এবং এ সংশ্লিষ্ট সেবা কাজে নিয়োজিত যানবাহন ও কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।

(খ) হাসপাতাল ও জরুরি সেবা এবং এ সেবার সাথে সংশ্লিষ্ট কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।

(গ) চিকিৎসা সেবায় নিয়োজিত চিকিৎসক ও কর্মীগণ এবং ওষুধসহ চিকিৎসা সরঞ্জামাদি বহনকারী যানবাহন ও কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।

(ঘ) জরুরি কাজের সাথে সম্পৃক্ত অফিসসমূহ এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।

৩। ব্যাংকিং কার্যক্রম চালু রাখার বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবে।

৪। আদালতের কার্যক্রমের বিষয়ে মহামান্য সুপ্রিম কোর্ট প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবেন।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

০৭.০৫.২০২৫
মোঃ কামরুজ্জামান
উপসচিব
ফোনঃ ০২-৯৫১৪৪৯২
ইমেইল-reg4@mopa.gov.bd

নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৬.২৩-২৫২/১(১৩) তারিখ : ২৪ বৈশাখ ১৪৩২ / ০৭ মে ২০২৫

**বিতরণ সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা
৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা
৪। সিনিয়র সচিব/সচিব (সকল), মন্ত্রণালয়/বিভাগ (তাঁর আওতাধীন অফিস ও সংস্থাসমূহের সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)

৫। পিএসও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৬। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা (প্রচার মাধ্যমে সম্প্রচারের অনুরোধসহ)
৭। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, ঢাকা
৮। অতিরিক্ত সচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা
৯। বিভাগীয় কমিশনার, ---------------------- (সকল)
১০। জেলা প্রশাসক, --------------------- (সকল)
১১। উপ পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের কপি প্রেরণের অনুরোধসহ)
১২। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রজ্ঞাপনটি প্রদানের অনুরোধসহ)

০৭.০৮.২০২৫
মোঃ কামরুজ্জামান
উপসচিব